জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।

পত্র প্রাপ্তি নং

তারিখঃ

১৩ আষাঢ়, ১৪৩১

২৭ জুন, ২০২৪

জেলা প্রশাসক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.১০৭.৯৯.০১৩.২৩-১২১ তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ / ২৭ জুন, ২০২৪

বিষয়: ডেঙ্গু রোগ প্রতিরোধে ব্যাপক সচেতনতামূলক প্রচারণা চালানো।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু নিধন কার্যক্রম পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত সেল-এর সভাপতি ড. মহঃ শের আলী, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে ২৯ মে, ২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সুপারিশ ৭.১ নিম্নরূপ:

"ডেঙ্গু রোগ প্রতিরোধে ব্যাপক সচেতনতামূলক প্রচারণা চালানোর জন্য সকল জেলা প্রশাসক এবং সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।"

০২। এমতাবস্থায়, ডেঙ্গু রোগ প্রতিরোধে ব্যাপক সচেতনতামূলক প্রচারণা চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী ০২ পৃষ্ঠা

২৭/৬/২০২৪

মোহাম্মদ শামীম বেপারী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ------------------ সিটি কর্পোরেশন (সকল)
২. জেলা প্রশাসক (সকল)
৩. চেয়ারম্যান, -------------------------উপজেলা পরিষদ (সকল)
৪. মেয়র/প্রশাসক, -----------------------পৌরসভা (সকল)
ইউনিয়ন পরিষদ (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
স্থানীয় সরকার শাখা
www.pabna.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০১২.০৪৯.০৫০.২৩- ৫৪৭ তারিখ ঃ ১৭ আষাঢ় ১৪৩১ / ০৬ জুলাই ২০২৪

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)......পাবনা।
০২। মেয়র, পৌরসভা (সকল).....পাবনা।
০৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)......পাবনা।
০৪। অফিস কপি।

সংযুক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩/০৭/২৪

জনাব সেলিম আহমেদ
সহকারী পরিচালক
স্থানীয় সরকার শাখা, পাবনা।
ফোন ঃ ০২-৫৮৮৮৪৫৪৮৩(অফিস)
Email:pabnaddlg@gmail.com

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু নিধন কার্যক্রম পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত সেল-এর ২০২৪ সালের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. মহঃ শের আলী অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
তারিখ ও সময়	:	২৯ মে, ২০২৪ দুপুর ১২:০০ ঘটিকা
স্থান	:	কক্ষ নং ৬২৫, ভবন নং ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন যে, ডেঙ্গু রোগে আক্রান্তের সংখ্যা দিন দিন বৃদ্ধির তথ্য পাওয়া যাচ্ছে। ঢাকার পাশাপাশি ঢাকার বাইরেও ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে ডেঙ্গু নিধন পরিবীক্ষণ সেল এর পক্ষ হতে কী ধরনের ভূমিকা পালন করা যায় এ বিষয়ে মতামত প্রদানের জন্য সভাপতি সকলকে আহবান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা সভার আলোচ্যসূচি ও গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান যে, সিটি কর্পোরেশনের পাশাপাশি সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে কর্মপরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। এ জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা যায়। তিনি আরও বলেন যে, সারাদেশে মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ডেঙ্গু নিধন পরিবীক্ষণ সেল-এ যুগ্মসচিব, উপজেলা/ ইউনিয়ন পরিষদ, স্থানীয় সরকার বিভাগ-কে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

৩। যুগ্মসচিব (আইন অধিশাখা) জনাব মোহাম্মদ সামছুল হক বলেন যে, ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব যাতে বৃদ্ধি না পায় সে জন্য প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিয়মিত কার্যক্রম পরিচালনা করা উচিত। এছাড়া, গত সভার সুপারিশসমূহ অব্যাহত রাখার জন্য তিনি মত প্রকাশ করেন।

৪। যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা) জনাব মোঃ মনিরুল ইসলাম বলেন যে, ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের জন্য মশক নিধনে প্রতিবছর বহু অর্থ খরচ হয়। ডেঙ্গু রোগ নিয়ন্ত্রণে টিকা আবিষ্কার করা সম্ভব হলে প্রতিবছর মশক নিধনে এই অতিরিক্ত খরচ এড়িয়ে চলা সম্ভব।

৫। সিনিয়র সহকারী সচিব (সিটি কর্পোরেশন-২ শাখা) জনাব মোঃ আব্দুর রাফিউল আলম বলেন যে, সিটি কর্পোরেশন এলাকায় মশক নিধনের জন্য বিভিন্ন ধরনের ঔষধ ব্যবহার করা হয়ে থাকে। এরপরও মশা নিধন করা সম্ভব হচ্ছে না। এ ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে একটি নির্দিষ্ট ঔষধ নির্ধারণপূর্বক তা ব্যবহারের জন্য সিটি কর্পোরেশনসমূহকে নির্দেশনা প্রদান করা যায়।

৬। সভাপতি বলেন যে, ডেঙ্গু বাহিত এডিস মশা সাধারণত স্বচ্ছ পানিতে বংশ বিস্তার করে। বসতবাড়িতে জমে থাকা পানি এবং বৃষ্টির কারণে বিভিন্ন স্থানে জমে থাকা পানিতে এডিস মশার লার্ভা পাওয়া যায়। এ সকল স্থানে যাতে পানি জমে থাকতে না পারে সে জন্য জনসচেতনতা বৃদ্ধি করা জরুরি। তিনি আরও বলেন যে, মশা নিধনের ক্ষেত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যা ডেঙ্গু নিধন পরিবীক্ষণ সেল-এর পরিদর্শনে পরিলক্ষিত হয়েছে। সভাপতি জানান যে, দেশের বিভিন্ন স্থানে অবস্থিত নার্সারিগুলোতে জমে থাকা পানিতে মশার বংশ বিস্তার বেশি হয়ে থাকে। এগুলো নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা দরকার। সারাদেশে কার্যকরভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনার স্বার্থে এ বিভাগের যুগ্মসচিব, উপজেলা/ ইউনিয়ন পরিষদ-কে ডেঙ্গু নিধন পরিবীক্ষণ সেল-এ অন্তর্ভুক্ত করা যেতে পারে। ঢাকার বাইরের জেলাসমূহে ডেঙ্গু রোগ প্রতিরোধে কর্মপরিকল্পনা অনুযায়ী নিয়মিত কার্যক্রম গ্রহণের জন্য জেলা প্রশাসকসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা আবশ্যক।

চলমান পৃষ্ঠা-১/২

CamScanner

৭। **সুপারিশ**: সার্বিক আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সুপারিশ করা হয়:

৭.১। ডেঙ্গু রোগ প্রতিরোধে ব্যাপক সচেতনতামূলক প্রচারণা চালানোর জন্য সকল জেলা প্রশাসক এবং সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

৭.২। সারাদেশের নার্সারিগুলোতে পানি জমে যাতে মশার প্রজনন ঘটাতে না পারে সে জন্য নার্সারিগুলো নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশনা প্রদানের জন্য কৃষি মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

৭.৩। যুগ্মসচিব, উপজেলা/ ইউনিয়ন পরিষদ-কে ডেঙ্গু নিধন কার্যক্রম পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত সেল-এ অন্তর্ভুক্ত করে বর্ণিত সেলটি পুনর্গঠন করা যেতে পারে।

৭.৪। ডেঙ্গু রোগ প্রতিরোধে মসজিদে নিয়মিত সচেতনতামূলক প্রচারণা অব্যাহত রাখার জন্য ইমামগণকে নির্দেশনা প্রদানের জন্য ধর্ম মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

৭.৪। সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে নিয়মিত ডেঙ্গু রোগ প্রতিরোধে সচেতনতামূলক প্রচারণা চালানোর পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আঙ্গিনা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশনা প্রদানের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

৮। সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত /-)
তারিখ: ১০.০৬.২০২৪ খ্রি.
ড. মহঃ শের আলী
সভাপতি
ডেঙ্গু নিধন কার্যক্রম পরিবীক্ষণ সেল
ও
অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

নম্বর-৪৬.০০.০০০০.১০৭.৯৯.০১৩.২৩-১১০/১(৫) তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ / ১৩ জুন, ২০২৪

<u>অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ ও ৩/ আইন/ মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ
২. উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ
৩. সিনিয়র সহকারী সচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ
৪. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. অফিস কপি

মোহাম্মদ শামীম বেপারী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev2@lgd.gov.bd

CS CamScanner